# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৩৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩৬]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ، قَالَ: حَدَّثَنَا عَمِّي، قَالَ: حَدَّثَنَا أَبِي، عَنِ ابْنِ إِسْحَاقَ، قَالَ: حَدَّثَنِي دَاوُدُ بْنُ الْحُصَيْنِ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: مَا كَانَتْ صَلَاةُ الْخَوْفِ إِلَّا سَجْدَتَيْنِ كَصَلَاةِ أَحْرَاسِكُمْ هَؤُلَاءِ الْيَوْمَ خَلْفَ أَئِمَّتِكُمْ هَؤُلَاءِ إِلَّا أَنَّهَا كَانَتْ عُقَبًا، قَامَتْ طَائِفَةٌ مِنْهُمْ وَهُمْ جَمِيعًا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَجَدَتْ مَعَهُ طَائِفَةٌ مِنْهُمْ، ثُمَّ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَامُوا مَعَهُ جَمِيعًا ثُمَّ رَكَعَ وَرَكَعُوا مَعَهُ جَمِيعًا، ثُمَّ سَجَدَ فَسَجَدَ مَعَهُ الَّذِينَ كَانُوا قِيَامًا أَوَّلَ مَرَّةٍ، فَلَمَّا جَلَسَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِينَ سَجَدُوا مَعَهُ فِي آخِرِ صَلَاتِهِمْ سَجَدَ الَّذِينَ كَانُوا قِيَامًا لِأَنْفُسِهِمْ، ثُمَّ جَلَسُوا فَجَمَعَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالتَّسْلِيمِ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٦٠٧٨)، مسند احمد ١/٢٦٥ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1536 - حسن صحيح

বাংলা

১৫৩৫. ‘উবায়দুল্লাহ ইবনু সা'দ ইবনু ইব্রাহীম (রহ.) ..... ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ভয়কালীন সালাত দু'টি সাজদাহ্ ভিন্ন কিছুই ছিল না। তোমাদের এ ইমামদের পিছনে তোমাদের এ পাহারাদারদের আজকের সালাতের মতো। হ্যা; তা এক দলের পর আর এক দল পালাক্রমে আদায় করত। তাদের এক দল শত্রুর মুখোমুখি দাঁড়াত এবং তারা সকলে রসূলুল্লাহ (সা.) -এর সাথে থাকত। তাদের একদল রসূলুল্লাহ (সা.) -এর সাথে সাজদাহ্ করত। তারপর রসূলুল্লাহ (সা.) দাঁড়ালে তারাও সকলে তার সাথে দাঁড়াত। অতঃপর তিনি রুকূ

করলে তারাও সকলে তার সাথে রুকূ করত। তারপর তিনি সাজদাহ্ করলে যারা প্রথমে তাঁর সাথে দাড়িয়ে ছিল, তারা তার সঙ্গে সাজদাহ্ করত। তারপর যখন রসূলুল্লাহ (সা.) বসতেন এবং যারা তার সাথে তাদের সালাতের শেষে সাজদাহ্ করেছিল, তারা সাজদাহ্ করত যারা (সালাতের শেষে) তাঁদের জন্যে দাড়িয়ে ছিল, অতঃপর তারা বসে যেত, তখন রসূলুল্লাহ (সা.) তাদের সকলকে নিয়ে একত্রে সালাম ফেরাতেন।

## English

It was narrated that Ibn 'Abbas said: The fear prayer was no more than two prostrations like the prayer of these guards of yours today behind the Imams of yours, except that it was one group after another. One group stood, although they were all behind the Messenger of Allah (ﷺ), and one group prostrated with him, then the Messenger of Allah (ﷺ) stood up and they all stood with him. Then he bowed and they all bowed with him, then he prostrated and those who had been standing the first time prostrated with him. When the Messenger of Allah (ﷺ) and those who had prostrated with him at the end of their prayer sat, those who had been standing prostrated by themselves, then they sat and the Messenger of Allah (ﷺ) said the taslim with all of them.

## ফুটনোট

হাসান সহীহঃ নাসায়ী'র “সুনানুল কুবরা" ১৯২৩, মুসনাদে আহমাদ ২৩৮২, সহীহ আবু দাউদ ১১২৩।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90031

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন